আজকের কাগজ

তারিখ ...0.7 OCT 1994 ...
পৃষ্ঠা ২ কলাম ৭

10

# কাপ্তাই'এ শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির গম বিতরণে ব্যাপক অনিয়মের অভিযোগ

রাঙামাটি জেলার কাপ্তাই থানায় শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম নিয়ে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। প্রাথমিক পর্যায়ে উক্ত কর্মসূচির অধীনে চিৎমরম ইউনিয়নের চারটি প্রাথমিক বিদ্যালয়কে অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু যথানিয়মে প্রতিমাসে গম উত্তোলন করা হলেও ছাত্র-ছাত্রীদের মধ্যে তা বিতরণ না করে চাকুয়াপাড়া পুনর্বাসন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তা কালোবাজারে বিক্রি করে দিচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।

দুর্গম পাহাড়ী এলাকায় অবস্থিত হওয়াতে এ দু'টি প্রাথমিক বিদ্যালয়ের বরাদ্দকৃত গম ইউনিয়ন সদর থেকে অভিভাবকদের নিকট বিতরণ করার জন্যে সিদ্ধান্ত নেয়া হয়েছিল। কিন্তু এ সিদ্ধান্তের প্রতি তোয়াক্কা না করে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি প্রতিমাসে বরাদ্দকৃত গম উত্তোলন করে বিক্রি করে দিচ্ছেন।

অপরদিকে চিৎমরম সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং চিৎমরম ইসলামী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম পাওয়া গেলেও তা খাওয়ার উপযুক্ত নয় বলে অভিযোগ উঠেছে। গম বিতরণের ক্ষেত্রে অনিয়মের ব্যাপারে চিৎমরম ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান স্বীকার করেছেন। এলাকায় প্রাথমিক শিক্ষার প্রসারে এ ধরনের অনিয়ম ও দুর্নীতি অন্তরায় সৃষ্টি করছে। তাই এই ব্যাপারে জরুরি পদক্ষেপ নেয়া প্রয়োজন। রাঙ্গামাটি থেকে শামসুল আলম।